গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
দক্ষিণ নগর ভবন ১৩তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.dtca.gov.bd

নম্বর ৩৫.০২.০০০০.০০২.০৬.০০১.২১.১১৯ তারিখ: ১৭ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়: ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে গত ৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও আগামী **০২/০৩/২০২১** তারিখের মধ্যে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ই-মেইল এবং ই-নথির মাধ্যমে প্রেরণ নিশ্চিত করার জন্য কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। সমন্বয় সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে কোন সংশ্লিষ্টতা না থাকলে উল্লিখিত সময়ের মধ্যে শূণ্য প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৭/০২/২০২১

মোঃ হেমায়েত হোসেন
পরিচালক (প্রশাসন)
ফোন: ৯৫৬৮৬৪৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা)।
২। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৩। প্রকল্প পরিচালক, ডিএমআরটিডিপি (MRT Line-6), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
৪। অতিরিক্ত নির্বাহী পরিচালক, পিএন্ডপি/ম্যাস ট্রানজিট/টিএমপিটিআই, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৬। ট্রাফিক ইঞ্জিনিয়ার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৭। ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৮। ট্রেনিং এ্যাডভাইজার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৯। আরবান প্ল্যানার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
১০। হিসাব ও অর্থ কর্মকর্তা, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
১১। পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
১২। ট্রান্সপোর্ট প্ল্যানার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
১৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। সকল কর্মকর্তা (ডিটিসিএ) জনাব/বেগম ----------------------------------------------------------।
১৫। মাস্টার কপি।
১৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

## জানুয়ারি ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

নম্বর ৩৫.০২.০০০০.০০২.০৬.০০১.২১.১১৮ — তারিখ: ১৭-০২-২০২১ খ্রিস্টাব্দ।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খন্দকার রাকিবুর রহমান<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| তারিখ | : | ০৭-০২-২০২১ খ্রিষ্টাব্দ |
| সময় | : | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | : | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর সভা কক্ষ |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হেমায়েত হোসেন সভার আলোচ্যসূচি পর্যায়ক্রমে উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে বর্ণিত হলো:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১। | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ০৭-০১-২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী (ডিসেম্বর ২০২০) পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সভার কার্যবিবরণী (ডিসেম্বর ২০২০) নিশ্চিত করা হলো। | |
| ২। | (১) সংশোধিত কৌশলগত পরিবহন পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার উদ্দেশ্যে নিয়মিত সভা আয়োজন অব্যাহত থাকবে।<br><br>(২) সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে জানুয়ারি ২০২১ মাসে একটি দ্বি-পাক্ষিক সভা আয়োজন করতে হবে। | Revised Strategic Transport Plan (RSTP) বাস্তবায়ন বিষয়ে ট্রাফিক ইঞ্জিনিয়ার সভায় জানান যে, নিয়মিতভাবে Revised Strategic Transport Plan সভা আহবান করা হচ্ছে। গত ২৭-০১-২০২১ তারিখে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে দ্বি-পাক্ষিক সভা হওয়ার তারিখ ছিল। সভাটি অনুষ্ঠিত না হওয়ায় সভার নতুন তারিখ ০৪-০২-২০২১ নির্ধারণ করা হয়েছে। | (১) RSTP সংশ্লিষ্ট কাজগুলো নিবিড়ভাবে মনিটরিং এর জন্য ডেস্ক অফিসার নির্ধারণ করে আদেশ জারি করতে হবে। | ট্রাফিক ইঞ্জিনিয়ার |
| | (৩) সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে দ্বি-পাক্ষিক সভার অনুষ্ঠানের পরবর্তীতে RSTP ভুক্ত সড়ক নির্মাণের লক্ষ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে একটি পর্যালোচনা সভা আয়োজন করতে হবে। | ট্রাফিক ইঞ্জিনিয়ার জানান যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে দ্বি-পাক্ষিক সভা অনুষ্ঠানের পরবর্তীতে RSTP ভুক্ত সড়ক নির্মাণের লক্ষ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে একটি সভা আয়োজনের জন্য যথাশিগগির সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রস্তাব প্রেরণ করা হবে। | (২) ফেব্রুয়ারি ২০২১ মাসে RSTP নিয়ে একটি সভা আয়োজন করার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ট্রাফিক ইঞ্জিনিয়ার |
| | (৪) নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান প্রণয়নের লক্ষ্যে TAPP অনুমোদনের বিষয়টি অনুসরণ করতে হবে। | নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান প্রণয়নের লক্ষ্যে TAPP প্রণয়ন বিষয়ে ট্রাফিক ইঞ্জিনিয়ার জানান যে, TAPP অনুমোদনের বিষয়টি অনুসরণ করা হচ্ছে। জানুয়ারি ২০২১ মাসে পরিকল্পনা কমিশনে প্রকল্পটির এসপিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। কার্যবিবরণী মোতাবেক টিএপিপিটি পিএফএস ফরমেটে সংশোধন করা হচ্ছে। নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান প্রণয়নের লক্ষ্যে TAPP অনুমোদনের বিষয়টি অনুসরণ করার জন্য সভাপতি পুনরায় অভিমত ব্যক্ত করেন। | (৩) সভার বিষয়টি অবহিত হলো। আলোচ্যসূচি থেকে এটি বাদ দেয়া হলো। | |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩। | জানুয়ারি ২০২১ মাসের ৩য় সপ্তাহে Traffic Management Committee (TMC) এর সভা আয়োজন করতে হবে। | অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) জানান যে, গত ২৫-০১-২০২১ তারিখে Traffic Management Committee (TMC) এর ২৭তম সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী নথিতে উপস্থাপন করা হয়েছে। নিয়মিতভাবে Traffic Management Committee এর সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | বাস্তবায়িত | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>(২) ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার<br>(৩) সহকারী ট্রাফিক ইঞ্জিনিয়ার |
| ৪। | ২০১২ হতে ২০১৮ সাল পর্যন্ত রাজউক কর্তৃক অনুমোদিত দশ তলা বা তদূর্দ্ধ ভবনের তালিকা ডিটিসিএ-তে প্রেরণের বিষয়ে রাজউক বরাবর প্রেরিত তাগিদপত্রের ফলোআপ করতে হবে। | ২০১২ হতে ২০১৮ সাল পর্যন্ত রাজউক কর্তৃক দশ তলা বা তদূর্দ্ধ অনুমোদিত ভবনের তালিকা ডিটিসিএ-তে প্রেরণের অনুরোধ জানিয়ে গত ১৭-০৯-২০২০ তারিখে চেয়ারম্যান, রাজউক বরাবর তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। গত ০৩-০২-২০২১ তারিখে আরবান প্ল্যানার রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এর পরিচালক (উন্নয়ন নিয়ন্ত্রণ-১) এর সাথে স্বাক্ষাত করেন এবং ডিটিসিএ হতে প্রেরিত তাগিদপত্রের জবাব প্রদানের জন্য অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে তিনি জানিয়েছেন যে, তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী গোপনীয় তথ্য প্রদান করা যায় না। এ ব্যাপারে প্রয়োজনে ডিটিসিএ সার্ভে করে তালিকা প্রস্তুত করতে পারে। উল্লিখিত বিষয়ে রাজউক এর সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ) এর সাথে অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)-কে আলাপ করে বিষয়টি সুরাহা করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ২০১২ হতে ২০১৮ সাল পর্যন্ত রাজউক কর্তৃক অনুমোদিত দশ তলা বা তদূর্দ্ধ ভবনের তালিকা ডিটিসিএ-তে প্রেরণের লক্ষ্যে রাজউক এর সদস্য (উন্নয়ন নিয়ন্ত্রণ) এর সাথে যোগাযোগ করে নিষ্পত্তি করতে হবে। | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>(২) আরবান প্ল্যানার<br>(৩) সহকারী আরবান প্ল্যানার |
| ৫। | TOR প্রস্তুত এবং TIA গাইড লাইন চূড়ান্ত করণের কাজ যথাশিগগির সম্পন্ন করতে হবে। | "TA to DTCA Capacity Building" প্রকল্পের অধীনে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক খসড়া TIA Guideline প্রস্তুত করা হয়। উক্ত গাইডলাইন নিয়ে ০৬-০৯-২০১৮ তারিখে অংশীজন সভা আয়োজিত হয় এবং এক্সপার্ট অপিনিওনের জন্যে বুয়েটে প্রেরণ করা হয়। বুয়েট থেকে কোন মতামত পাওয়া যায়নি। গত ২২-১০-২০২১৯ তারিখে KS Consultant এর সাথে সভা আয়োজিত হয়। গত ১৮-১১-২০২০ তারিখে উক্ত গাইডলাইন বিষয়ে ডিটিসিএ-তে অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত গাইডলাইন পর্যালোচনা করে দেখা যায় যে, গাইডলাইনের নির্দিষ্ট বিষয় বাংলাদেশের প্রেক্ষাপটে বাস্তবসম্মত নয়। উক্ত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ট্রাফিক সার্ভে, ডাটাবেজ প্রস্তুত, গাইডলাইনের ট্রিপ জেনারেশন রেট, রিকোয়ারমেন্ট, লেভেল অফ সার্ভিস নির্ধারণের বিষয়ে পরামর্শক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উক্ত খসড়া TIA গাইডলাইনের বিষয়ে ডিটিসিএ তে TIA দাখিলকারী Stakeholder দের সাথে সভা আয়োজন করতে হবে। | আগামী ০৫-০২-২০২১ তারিখের মধ্যে নির্বাহী পরিচালক বরাবরে পূর্ণাঙ্গ প্রস্তাব উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>২। ট্রাফিক ইঞ্জিনিয়ার<br>৩। আরবান প্ল্যানার |
| ৬। | বাৎসরিক কর্মশালা/ সেমিনার/ প্রশিক্ষণ ক্যালেন্ডার ডিটিসিএ ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের বাৎসরিক ক্যালেন্ডার প্রস্তুতির অগ্রগতির বিষয়ে ট্রেনিং এ্যাডভাইজার জানান যে, কর্মশালা, সেমিনার ক্যালেন্ডার চূড়ান্ত করার বিষয়ে নির্বাহী পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক আগামী ০৮-০২-২০২১ তারিখে একটি সভা আহবান করা হয়েছে। | বাৎসরিক কর্মশালা/সেমিনার ক্যালেন্ডার চূড়ান্ত করে এ মাসে ডিটিসিএ ওয়েবসাইটে আপলোড করতে হবে। | (১) ট্রেনিং এ্যাডভাইজার<br>(২) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭। | ডিজিটাল পার্কিং সিস্টেম বিষয়ে একটি সভা আয়োজন করতে হবে। | আরবান প্ল্যানার জানান যে, ডিজিটাল পার্কিং সিস্টেম বিষয়ে গত ৩১-০১-২০২১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি আরো জানান বুয়েট এর সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ এর প্রফেসর ড. হাদী উজ্জামান Key Note Speaker হিসেবে আগামী ২৮/০৩/২০২১ তারিখে সেমিনার সম্ভাব্য তারিখ হতে পারে মর্মে জানিয়েছেন। ডিজিটাল পার্কিং সিস্টেম বিষয়ে একটি সভা আয়োজন করে পার্কিং পলিসিতে এটি অন্তর্ভূক্ত করা যেতে পারে। | ডিজিটাল পার্কিং বিষয়ে ডিটিসিএ'র করণীয় সম্পর্কে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন ফেব্রুয়ারি মাসে নথিতে উপস্থাপন করতে হবে। | আরবান প্ল্যানার |
| ৮। | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**<br>২০২০-২০২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্য মাত্রা অর্জন করতে হবে। | সভায় জানানো হয় যে, গত ০৭-১০-২০২০ তারিখে প্রথম কোয়ার্টারের প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে। ডিটিসিএ'র মাসিক সমন্বয় সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন কার্যক্রম নিয়ে নিয়মিতভাবে পর্যালোচনা করা হচ্ছে। ২০২০-২০২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্য মাত্রা অর্জন কার্যক্রম চলমান আছে। | ২০২০-২০২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্য মাত্রা অর্জন করার লক্ষ্যে প্রতিমাসে একটি সভা আয়োজন করতে হবে। | (১) APA ফোকাল পয়েন্ট<br>(২) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৯। | **ই-নথি কার্যক্রম**<br>ই-নথির মাধ্যমে কর্মসম্পাদন বৃদ্ধি করার জন্য কর্ম-পরিকল্পনা প্রস্তাব প্রস্তুত এবং শাখা ওয়ারী ই-নথিতে কর্মসম্পাদনের পারফরম্যান্স তালিকা পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | শাখা ওয়ারী ই-নথিতে কর্মসম্পাদনের পারফরম্যান্স বাড়ানোর জন্য সভায় আলোচনা করা হয়। | ই-নথিতে কর্মসম্পাদনের পারফরম্যান্স তালিকা সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (১) প্রোগ্রামার<br>(২) সহকারী প্রোগ্রামার |
| ১০। | **নির্মাণাধীন ডিটিসিএ অফিস ভবন**<br>(১) নির্মাণাধীন ডিটিসিএ অফিস ভবনের মাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সফটকপি ও হার্ডকপি ডিটিসিএ-তে প্রেরণ করতে হবে।<br><br>(২) নির্মাণাধীন ডিটিসিএ নতুন অফিসের জন্য আসবাবপত্র ও সরঞ্জাম, অফিসের রক্ষণাবেক্ষণ (ভিতরে-বাহিরে), মসজিদের ভেরিয়েশন, ফ্লোর লে-আউট বিষয়ে একটি সভা আয়োজন করতে হবে। | সভায় জানানো হয় যে, জানুয়ারি ২০২১ মাসে লিফট সাইটে এসেছে। লিফট স্থাপনের কাজ চলছে। ফেব্রুয়ারি-২০২১ মাসে Sub-Station এর Switch gear এবং BBT সাইটে আসবে। AC সাইটে এসেছে। মসজিদ বিল্ডিং এর শেয়ার ওয়াল এবং কলাম এর ঢালাই চলছে। জানুয়ারি ২০২১ মাস পর্যন্ত কাজের সার্বিক অগ্রগতি হয়েছে ৬৬.৮৫২%। ডিসেম্বর ২০২০ পর্যন্ত কাজের অগ্রগতি ছিল ৬০.৩৯৬%। জানুয়ারি ২০২১ মাসে কাজের সার্বিক অগ্রগতি হয়েছে ৬.৬৪২%।<br><br>গত ২৫-০১-২০২১ তারিখে নির্বাহী পরিচালক, ডিটিসিএ এর সভাপতিত্বে নির্মাণাধীন ডিটিসিএ অফিস ভবনের জন্য আসবাবপত্র ও সরঞ্জাম, অফিসের রক্ষণাবেক্ষণ (ভিতরে-বাহিরে), ফ্লোর লে-আউট বিষয়ে সড়ক ভবনে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | বাস্তবায়িত | |
| | (৩) প্রতিমাসে নিয়মিতভাবে ডিটিসিএ অফিস ভবনের নির্মাণ কাজ পরিদর্শন এবং প্রতিমাসে অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি নিয়ে আলাদাভাবে সভা আয়োজন অব্যাহত থাকবে। | অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) জানান যে, প্রতিমাসে নিয়মিতভাবে ডিটিসিএ অফিস ভবনের নির্মাণ কাজ পরিদর্শন করা হয় এবং অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি নিয়ে আলাদাভাবে সভা আয়োজন করা হচ্ছে। ডিটিসিএ অফিস ভবন পরিদর্শন টিম গত ০৫-০১-২০২১, ১৯-০১-২০২১ এবং ২৪-০১-২০২১ তারিখে ডিটিসিএ অফিস ভবনের নির্মাণ কাজ পরিদর্শন করেন। ০৩-০১-২০২১ তারিখে ডিটিসিএ অফিস ভবনের আইটি, জিআইএস এবং ডাটা সেন্টার এর সুবিধা সম্পর্কিত বিষয়ে অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই), ডিটিসিএ'র সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রতিমাসে নিয়মিতভাবে ডিটিসিএ অফিস ভবনের নির্মাণ কাজ পরিদর্শন এবং প্রতিমাসে অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি নিয়ে আলাদাভাবে সভা আয়োজন অব্যাহত রাখতে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। | প্রতিমাসে নিয়মিতভাবে ডিটিসিএ অফিস ভবনের নির্মাণ কাজ পরিদর্শন এবং প্রতিমাসে অফিস ভবন নির্মাণ কাজের অগ্রগতি নিয়ে আলাদাভাবে সভা আয়োজন অব্যাহত থাকবে। | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>(২) ট্রাফিক ইঞ্জিনিয়ার<br>(৩) ট্রান্সপোর্ট প্ল্যানার<br>(৪) ডেপুটি আর্কিটেক্ট<br>(৫) সহকারী আর্কিটেক্ট |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১১। | **অডিট আপত্তি**<br>অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | DUTP প্রকল্পের ৯টি অডিট আপত্তির মধ্যে ১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। প্রকল্পের অবশিষ্ট ৮টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ০৩-০২-২০২১ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। | অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (১) হিসাব ও অর্থ কর্মকর্তা |
| ১২। | **জনবল নিয়োগ কার্যক্রম**<br>(১) ডিটিসিএ'র বিদ্যমান জনবলের মধ্যে শূন্য পদ সমূহে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক নিয়োগ/পদায়ন/ পদোন্নতির কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>(২) ১১ হতে ১৭ গ্রেডভুক্ত পদের নিয়োগ কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | ডিটিসিএ'র সাংগঠনিক কাঠামোভুক্ত অনুমোদিত জনবলের সংখ্যা ২১২, কর্মরত জনবলের সংখ্যা ৯০ জন, শূন্য পদের সংখ্যা ১২২।<br>* শূন্য পদের মধ্যে প্রেষণযোগ্য ৪র্থ গ্রেডভুক্ত ৩টি এবং ৫ম গ্রেডভুক্ত ৬টি মোট ৯টি পদে প্রেষণে কর্মকর্তা পদায়ন করার জন্য গত ০২-০২-২০২১ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>* বিভিন্ন গ্রেডভুক্ত মোট ১২টি পদে প্রেষণে কর্মকর্তা বদলি/পদায়ন করার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>* ৯ম গ্রেডভুক্ত ১টি পদে নিয়োগপত্র জারি করা হয়েছে। ১১ হতে ১৭ গ্রেডভুক্ত পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা সম্পন্ন হয়েছে। ১০ম গ্রেডভুক্ত ৩টি পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার কার্যক্রম চলমান আছে।<br>* ডিটিসিএ কর্মচারি চাকুরি প্রবিধানমালা ২০২০ অনুসারে পদোন্নতিযোগ্য এবং অবশিষ্ট সরাসরি নিয়োগযোগ্য পদ সমূহে জনবল নিয়োগ/পদায়নের কার্যক্রম চলমান আছে।<br>* সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদ সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের ছাড়পত্র প্রাপ্তির জন্য গত ১২-০১-২০২১ এবং ১৭-০১-২০২১ তারিখে মন্ত্রণালয়ে ২টি পত্র প্রেরণ করা হয়েছে। ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে দ্রুত সময়ের মধ্যে শূণ্য পদ সমূহে জনবল নিয়োগ ত্বরান্বিত করা হবে। | (১) ফেব্রুয়ারি ২০২১ মাসে নিয়োগ/ পদোন্নতি কমিটির সভা আহবান করতে হবে।<br><br>(২) ১১ হতে ১৭ গ্রেডভুক্ত পদের নিয়োগ কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>(৩) সরাসরি জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।<br><br>(৪) পদোন্নতি প্রদান কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৩। | **র‌্যাপিড পাস এর প্রচার ও প্রচারণা**<br>Rapid Pass এর কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে BRTC'র সাথে একটি সভা আয়োজন করতে হবে। | সভায় জানানো হয় যে, Rapid pass এর কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে Establishment of Clearing House for Integrating Transport Ticketing System in Dhaka City and Adjacent Districts (Phase II) শীর্ষক প্রকল্পের TAPP পুনর্গঠন প্রক্রিয়াধীন আছে। ২১-০১-২০২১ তারিখে মন্ত্রণালয়ে এতদবিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। বিদ্যমান স্টক হতে ১০০টি SAM DMTCL-কে প্রদানের সিদ্ধান্তের প্রেক্ষিতে অবশিষ্ট মজুদ এক্সেসরিজ দিয়ে নতুন করে BRTC বাসে Rapid Pass সেবা চালু করা সম্ভব হবে না বলে প্রতিয়মান হয়। এর প্রেক্ষিতে BRTC এর সাথে সভা অনুষ্ঠান আপাতত: স্থগিত রাখা হয়েছে। | Rapid Pass এর কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে কি ব্যবস্থা নেয়া যায় এ বিষয়ে একটি প্রস্তাব নির্বাহী পরিচালক বরাবর নথিতে উপস্থাপন করতে হবে। | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি)<br>(২) ক্লিয়ারিং হাউজ সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১৪। | **বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উদযাপন।**<br>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপন লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গাইড লাইন অনুসারে ডিটিসিএ'র কর্মপরিকল্পনা বাস্তবায়ন অব্যাহত থাকবে। | সভায় জানানো হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নির্দেশনা অনুসারে কার্যক্রম গ্রহণ অব্যাহত আছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত ২৫ জানুয়ারি ২০২১ তারিখে একটি সভা আহবান করা হয়েছে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপন লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গাইড লাইন অনুসারে ডিটিসিএ'র কর্মপরিকল্পনা বাস্তবায়ন অব্যাহত থাকবে। | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি)<br>(২) অতিরিক্ত নির্বাহী পরিচালক (এমটি)<br>(৩) পরিচালক (প্রশাসন)<br>(৪) ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি)<br>(৫) সহকারী ট্রান্সপোর্ট ইঞ্জি. |

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৫। | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অর্থ বছরের ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর/২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ গত ১২ জানুয়ারি, ২০২১ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গত ০৭ জানুয়ারি, ২০২১ তারিখে ডিটিসিএ'র ৩য় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ/২০২১) নৈতিকতা কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও এই প্রান্তিকের লক্ষ্য অর্জনে সকলকে তাগিদ দিতে হবে। | ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি) |
| ১৬। | (১) ডিটিসিএ'র কর্মকর্তাদের জন্য প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার/ল্যাপটপ ক্রয় কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | পরিচালক (প্রশাসন) জানান যে, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) তে অফিসের কাজে ব্যবহৃত কিছু সংখ্যক কম্পিউটার ও ল্যাপটপ অনেক পুরাতন হওয়ায় সেগুলো ব্যবহার করা যাচ্ছে না। ফলে প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের চাহিদা অনুসারে কিছু নতুন কম্পিউটার এবং ল্যাপটপ ক্রয় করার উদ্যোগ নেয়া হয়েছে। আর্থিক ও প্রশাসনিক অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। eGP তে সংশ্লিষ্ট ইউজার ও APP তৈরি করা হয়েছে। টেন্ডার নোটিশ ও টেন্ডার ডকুমেন্ট তৈরীর কাজ চলছে। | (১) ডিটিসিএ'র কর্মকর্তাদের জন্য প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার/ ল্যাপটপ ক্রয় কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | (১) অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)<br>(২) পরিচালক (প্রশাসন)<br>(৩) হিসাব ও অর্থ কর্মকর্তা<br>(৪) প্রোগ্রামার |
| | (২) E-GP বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করতে হবে। | E-GP বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন বিষয়ে ট্রেনিং এ্যাডভাইজার জানান যে, সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করার বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তরের কাজী সাইদা মোমতাজ'র সাথে আলোচনা হয়েছে। শিগগির প্রশিক্ষণ আয়োজন করা হবে। | (২) E-GP বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে ফেব্রুয়ারি ২০২১ মাসে একটি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করতে হবে। | ট্রেনিং এ্যাডভাইজার |
| ১৭। | উন্নয়ন প্রকল্পের মেয়াদ শেষ হলে সমাপ্তকৃত প্রকল্পসমূহ হতে ক্রয়কৃত হস্তান্তরযোগ্য মালামালের তালিকা প্রস্তুত পূর্বক আবশ্যিকভাবে প্রশাসন শাখায় হস্তান্তর করার বিষয়টি নিশ্চিত করতে হবে। | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর আওতায় কয়েকটি উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান আছে। ইতোমধ্যে কয়েকটি উন্নয়ন প্রকল্পের মেয়াদ সমাপ্ত হয়েছে। উন্নয়ন প্রকল্পের মেয়াদ শেষ হলে সমাপ্তকৃত প্রকল্পসমূহ হতে ক্রয়কৃত হস্তান্তরযোগ্য মালামালের তালিকা প্রস্তুত পূর্বক আবশ্যিকভাবে প্রশাসন শাখায় হস্তান্তর করার বিষয়টি নিশ্চিত করার জন্য সভাপতি পুনরায় গুরুত্বারোপ করেন। সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের হস্তান্তরযোগ্য মালামাল হস্তান্তর না করে থাকলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের তালিকা প্রস্তুত পূর্বক মালামাল হস্তান্তর করার জন্য পত্র প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের হস্তান্তরযোগ্য মালামাল বিষয়ে মালামাল Inventory করার জন্য গঠিত কমিটি এ ব্যাপারে ব্যবস্থা নিবে। | (১) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক<br>(২) পরিচালক (প্রশাসন)<br>(৩) হিসাব ও অর্থ কর্মকর্তা |
| ১৮। | ডিটিসিএ'র T&OE হালনাগাদ করতে হবে। | ডিটিসিএ'র T&OE হালনাগাদ বিষয়ে সভায় আলোচনা হয়। পরিচালক (প্রশাসন) জানান যে, ডিটিসিএ'র T&OE হালনাগাদের কার্যক্রম চলমান আছে। | ডিটিসিএ'র T&OE হালনাগাদ করতে হবে। | (১) পরিচালক (প্রশাসন)<br>(২) হিসাব ও অর্থ কর্মকর্তা<br>(৩) ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার |
| ১৯। | ডিটিসিএ'র যানবাহন সংক্রান্ত খসড়া ডাটাবেজ প্রস্তুত হলে সংশ্লিষ্ট নথিতে পেশ করতে হবে। | ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার ও প্রোগ্রামার জানান যে, ডিটিসিএ'র যানবাহন সমূহের অনলাইন ভিত্তিক তালিকা তৈরির কাজ সম্পন্ন হয়েছে যা নথিতে এবং অভ্যন্তরীণ সভায় উপস্থাপন করা হয়েছে। নির্বাহী পরিচালক মহোদয় অনলাইন তালিকাটি নিয়মিত আপডেট করার নির্দেশনা দিয়েছেন। সভাপতি এ কাজের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। | বাস্তবায়িত | (১) ডেপুটি ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার<br>(২) প্রোগ্রামার<br>(৩) সহকারী প্রোগ্রামার |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২০। | **জানুয়ারি ২০২১ মাসে ডিটিসিএ'র উল্লেখযোগ্য অর্জন।** প্রতিমাসে ডিটিসিএ-তে উল্লেখযোগ্য অর্জন বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) জানান যে, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর ২০২০-২০২১ অর্থ-বছরের বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (এপিএ) এর কর্ম-পরিকল্পনা অনুযায়ী 'শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সাথে গত ১৮-০১-২০২১ তারিখে ডিটিসিএ-তে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। | প্রতিমাসে ডিটিসিএ-তে উল্লেখযোগ্য অর্জন বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২১। | **বার্ষিক ক্যালেন্ডার প্রস্তুত/প্রকাশ** দ্রুত সময়ের মধ্যে বার্ষিক ক্যালেন্ডার প্রস্তুত/প্রকাশ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ডিটিসিএ হতে বার্ষিক ক্যালেন্ডার প্রস্তুত/প্রকাশ করার অগ্রগতি বিষয়ে হিসাব ও অর্থ কর্মকর্তা জানান যে, ডিটিসিএ'র কার্যাদেশ অনুযায়ী সরবরাহকারী প্রতিষ্টান মেঘনা প্রিন্টার্স গত ২৭-০১-২০২১ তারিখে মুজিবর্ষের লোগো সম্বলিত ২০০০টি বার্ষিক পঞ্জিকা (ক্যালেন্ডার) সরবরাহ করেছে। ইতোমধ্যে কিছু বার্ষিক পঞ্জিকা (ক্যালেন্ডার) বিতরণ করা হয়েছে। | বাস্তবায়িত | (১) পরিচালক (প্রশাসন) (২) হিসাব ও অর্থ কর্মকর্তা |
| ২২। | দ্রুত সময়ের মধ্যে ডিটিসিএ'র ২০১৯-২০২০ অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদন চুড়ান্ত করতে হবে। | ট্রেনিং এ্যাডভাইজার জানান যে, ২০১৯-২০২০ অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদন চূড়ান্ত করার বিষয়ে নির্বাহী পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক আগামী ০৯-০২-২০২১ তারিখে একটি সভা আহবান করা হয়েছে। | ফেব্রুয়ারি ২০২১ মাসের মধ্যে ডিটিসিএ'র ২০১৯-২০২০ অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদন চুড়ান্ত করতে হবে। | ট্রেনিং এ্যাডভাইজার |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খন্দকার রাকিবুর রহমান
নির্বাহী পরিচালক
ফোন: ৯৫৬২৬৮৬